



eSIF পূরণে অনুসরণীয় নিয়মাবলী

২০১৭-১৮ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্যক্রম অন-লাইনে সম্পাদিত হবে। অন-লাইনে রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে অন-লাইনে eSIF পূরণ করতে হবে। eSIF পূরণের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়ে অধিকতর সতর্কতা অবলম্বনের জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা গেল।

- ১। eSIF কার্যক্রম সম্পাদনের জন্য ০২টি password প্রয়োজন যা অত্র শিক্ষা বোর্ডের কলেজ শাখা কর্তৃক সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে ইতোমধ্যে সরবরাহ করা হয়েছে (২০১৬-১৭ শিক্ষাবর্ষে eSIF পূরণের জন্য সরবরাহকৃত password ২০১৭-১৮ শিক্ষাবর্ষে প্রযোজ্য হবে)। যেহেতু password ০২ টি অত্যন্ত গোপনীয় তাই তা প্রতিষ্ঠান প্রধানকে নিজ দায়িত্বে সংরক্ষণ করতে হবে।
- ২। password ফাঁস হলে রেজিস্ট্রেশন সংক্রান্ত জটিলতার সৃষ্টি হতে পারে, তাই উক্ত কারণে এতদসংক্রান্ত বিষয়ে যে কোন জটিলতার জন্য অত্র শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ দায়ী হবে না।
- ৩। eSIF অন-লাইনে পূরণের জন্য www.xiclassadmission.gov.bd ওয়েবসাইটের রেজিস্ট্রেশন/College Section-এ গিয়ে EIIN ও Password ব্যবহার করে লগইন করতে হবে। পরবর্তীতে Registration Option-এর মাধ্যমে Registration Panel এর নির্দেশনা মোতাবেক সিলেকশন করে শিক্ষার্থীদের তালিকা প্রাপ্তির পর Register Student-এ ক্লিক করলে eSIF ফর্ম পাওয়া যাবে। eSIF ফর্মে চাহিত তথ্য পূরণপূর্বক ফর্মটি Submit করতে হবে।
- ৪। বোর্ড কর্তৃক ইস্যুকৃত রেজিস্ট্রেশন কার্ডে শিক্ষার্থীর ছবি থাকে বিধায় ছবি Upload করার সময় সতর্কতা অবলম্বন করতে হবে, যাতে একজনের ছবির পরিবর্তে অন্যজনের ছবি Upload না হয়।
- ৫। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান ও দায়িত্ব প্রাপ্ত শিক্ষকগণকে সূক্ষ্মভাবে নজর রাখার মাধ্যমে eSIF পূরণ কার্যক্রম বিশেষভাবে তদারকি করার জন্য অনুরোধ করা গেল।
- ৬। বোর্ডে এসএসসি পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট বোর্ডে জমা দেয়া হয়নি এরকম কোন শিক্ষার্থীর eSIF পূরণ করা যাবে না। ভর্তি কার্যক্রম চূড়ান্তভাবে সম্পন্ন করা হয়নি এমন শিক্ষার্থীর eSIF পূরণ করা হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে বিদ্যমান আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

* অন-লাইনে eSIF পূরণ করার জন্য ওয়েবসাইট : www.xiclassadmission.gov.bd

* পূরণকৃত eSIF অন-লাইনে পূরণ করার শেষ তারিখ : ২৮/০৯/২০১৭ খ্রিঃ।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

ফোনঃ ০৮২১-৮৪০০৮৬